



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক  
প্রধান কার্যালয়, রাজশাহী  
ঋণ ও অগ্রিম বিভাগ-১

AGM-1  
A.  
01.11.2023  
Mr. Habibur  
01.11.2023

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-০৪/২০২৩

তারিখ: ৩১.১০.২০২৩

০১. সকল জোনাল ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০২. উপ-মহাব্যবস্থাপক  
রাকাব, ঢাকা কর্পোরেট শাখা/  
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
০৩. সকল শাখা ব্যবস্থাপক  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

০১/১১/২০২৩ ডায়েরী  
৮৪ ও শ্রদ্ধা রাখা হয়।

বিষয়: ঋণ ও অগ্রিমের সুদ হার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

০২। উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার-০৯ তারিখ ১৯ জুন ২০২৩-এর নির্দেশনা মোতাবেক এ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণের ক্ষেত্রে SMART+২% মার্জিন, CMSME ঋণ, ভোক্তা ঋণ, গাড়ীক্রয় ঋণের ক্ষেত্রে SMART+৩% মার্জিন ও অতিরিক্ত ১% সুপারভিশন চার্জপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) সুদহার নির্ধারণ করে ঋণ ও অগ্রিম বিভাগ-১ হতে গত ১৮.০৭.২০২৩ ইং তারিখে সার্কুলার নং-০২/২০২৩ এবং তৎপ্রেক্ষিতে ০৯.১০.২০২৩ তারিখে সার্কুলার লেটার নং-০৩/২০২৩ মাঠ পর্যায়ে জারী করা হয়।

০৩। বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৪ তারিখ ০৫ অক্টোবর-২৩ মোতাবেক বৈশ্বিক ও অভ্যন্তরীণ অবস্থার প্রেক্ষাপটে বাংলাদেশের অর্থনীতিতে মূল্যস্ফীতির উপর বিরূপ প্রভাব পড়ায় মূল্যস্ফীতি পর্যায়ক্রমে হ্রাস করার লক্ষ্যে সুদহার নিম্নোক্তভাবে পরিপালন করতে হবে-

- (i) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২% এর স্থলে সর্বোচ্চ ২.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে। উল্লেখ্য, অক্টোবর-২০২৩ মাসের SMART ৭.৪৩%। অতএব নভেম্বর-২০২৩ মাসের সুদহার হবে  $(৭.৪৩+২.৫০)=৯.৯৩\%$ ।
- (ii) অন্যান্য ঋণের ক্ষেত্রে (অ-কৃষি) SMART এর সাথে সর্বোচ্চ ৩% এর স্থলে সর্বোচ্চ ৩.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে। নভেম্বর-২০২৩ মাসের সুদহার হবে  $SMART+৩.৫০$  অর্থাৎ  $(৭.৪৩+৩.৫০)=১০.৯৩\%$ ।
- (iii) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুদহার নীতির কোন পরিবর্তন না হলে প্রতি ইংরেজি মাসের ০১ তারিখে পূর্ববর্তী মাসের বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত SMART রেট অনুসরণপূর্বক চলতি মাসের সুদহার নির্ধারণ প্রক্রিয়া অব্যাহত থাকবে।
- (iv) SMART এর মূল সার্কুলারের ৭(ড) ক্রমিকে উল্লেখিত ১০ টাকা হিসাবের বিপরীতে ৫২৪ এবং ৫৮৪ কোড-দুটিতে সুদের হার হবে ৭%।

০৪. SMART ভিত্তিক এ সুদহার ০১.১১.২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

০৫. এতদ্ব্যতীত ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ইতোপূর্বে জারীকৃত ঋণের সুদহার সম্পর্কিত সার্কুলার নং-০২/২০২৩ এর অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

০৬. এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত

(মোঃ বেলাল হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডায়েরী নং: ...৫৫৬২...  
তারিখ: ...০১/১১/২৩...  
নথি নং: .....

৭.০৪ PM

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/২০২৩-২০২৪/২৯৬(৪৫৪)

তারিখ : ৩১.১০.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।  
(উপ-মহাব্যবস্থাপক, এসইসিটি বিভাগ, প্রতিমাসের শুরুতে পরিবর্তিত SMART এর সাথে প্রযোজ্য মার্জিন যোগ করে সিবিএস-এ সুদহার নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, এমডিস ডিজিটেল সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১০। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ১১। উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৫। অফিস নথি/মহানথি।



(মোঃ মোস্তাফিজার রহমান)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা